দৈনিক ইত্তেফাক 67
তারিখ 07 NOV 1998
পৃষ্ঠা 4 কলাম 1-1

## মহানগর চট্টগ্রাম

# হাজেরা-তজু ডিগ্রী কলেজকে রাজনীতি মুক্ত রাখার প্রত্যয় ঘোষণা

চট্টগ্রাম অফিস ॥ হাজেরা-তজু ডিগ্রী মহিলা কলেজের প্রতিষ্ঠাতা নূরুল ইসলাম বিএসসি কলেজটিকে রাজনীতিমুক্ত একটি মডেল কলেজ হিসাবে গড়িয়া তোলার দৃঢ় প্রত্যয় ঘোষণা করিয়া সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করিয়াছেন। সম্প্রতি কলেজের নবীনবরণ ও সহ-শিক্ষা কার্যক্রমের উদ্বোধন কালে তিনি এই প্রত্যয়ের কথা ব্যক্ত করেন। অনুষ্ঠানে প্রধান অতিথি হিসাবে উপস্থিত ছিলেন চট্টগ্রাম শিক্ষাবোর্ডের চেয়ারম্যান মোহাম্মদ এনায়েতুর রহমান। তিনি কলেজের ফলাফল ও একাডেমিক কর্মকাণ্ডে সন্তোষ প্রকাশ করেন।

ভারপ্রাপ্ত অধ্যক্ষ দবিরউদ্দিন খানের সভাপতিত্বে অনুষ্ঠিত উক্ত অনুষ্ঠানে অন্যান্যের মধ্যে স্কুল পরিদর্শক আবুল মনসুর ভুঁইয়া, মাতবর আবদুল মোমেন, এডভোকেট মোহাম্মদ আইয়ুব খান, ছদরুল আলম, অধ্যাপিকা জওশন আরা হক, অধ্যাপক মোহাম্মদ আবু শেখ প্রমুখ বক্তৃতা করেন।